

দর্শন বিভাগ
বিশেষ বিভাগীয় সেমিনার
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

অধ্যাপক ড. আতিউর রহমান

বঙ্গবন্ধু চেয়ার অধ্যাপক, ঢাকা বিশ্ববিদ্যালয়

বঙ্গবন্ধুর অর্থনৈতিক দর্শন ও মানবিকতা

বুধবার, ১১ মার্চ ২০২০

সকাল ১১.০০ থেকে ১২.০০

কক্ষ নং ১১৭, নতুন কলা ভবন

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সকলে আমন্ত্রিত!

মডারেটর: অধ্যাপক ড. মো. মুনির হোসেন তালুকদার



সংক্ষিপ্ত পরিচিতি

আতিউর রহমান ঢাকা বিশ্ববিদ্যালয়ের বঙ্গবন্ধু চেয়ার অধ্যাপক। বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্ণর। রবীন্দ্রনাথ ও বঙ্গবন্ধু নিয়ে প্রচুর লেখালেখি করেছেন। বঙ্গবন্ধুকে নিয়ে তাঁর রচিত পূর্ণাঙ্গ গবেষণামূলক গ্রন্থ: শেখ মুজিব বাংলাদেশের আরেক নাম। সাধারণের বোঝার জন্য বঙ্গবন্ধু সহজ পাঠ নামে তাঁর অন্য একটি গ্রন্থ আছে। এছাড়া বঙ্গবন্ধুকে নিয়ে তিনি নিয়মিত কলাম-নিবন্ধ লিখে থাকেন বিভিন্ন পত্রপত্রিকায়। 'বঙ্গবন্ধুর নান্দনিক ভাবনা' নিয়ে একটি গুরুত্বপূর্ণ গবেষণায় ব্যস্ত আছেন ইদানিং।

আতিউর রহমানের প্রায় ৭০টির মত গ্রন্থ প্রকাশিত হয়েছে বিভিন্ন দেশি-বিদেশী নামকরা প্রকাশনা সংস্থা থেকে। তাঁর উল্লেখযোগ্য বইয়ের মধ্যে রয়েছে: ভাষা-আন্দোলনের আর্থসামাজিক পটভূমি, জনমানুষের মুক্তিযুদ্ধ (অখণ্ড সংস্করণ), নিশিদিন ভরসা রাখিস। রবীন্দ্রনাথকে নিয়ে লিখেছেন : রবীন্দ্র-অমর্ত্য ভাবনা, রবীন্দ্রনাথ : কৃষিভাবনা, রবীন্দ্রনাথ চিন্তায় দারিদ্র্য ও প্রগতি, রবীন্দ্রনাথের আর্থসামাজিক ভাবনা, Tagore's Thoughts on Peasantry, তব ভুবনে তব ভবনে। রবীন্দ্র সাধক ওয়াহীদুল হককে নিয়েও তাঁর একটি উল্লেখযোগ্য গবেষণা গ্রন্থ আছে। পাশাপাশি অর্থনীতি ও সমাজ ভাবনা নিয়ে তিনি লিখেছেন বিস্তর। ২০১৭ সালে প্রকাশিত গভর্ণরের দিনলিপি বুনে গেলাম আশার স্বপ্ন তাঁর একটি ব্যতিক্রমি মূল্যবান গ্রন্থ। সম্প্রতি বাংলাদেশের স্বনামধন্য প্রকাশনা সংস্থা পাঞ্জেরী পাবলিকেশন্স লি. থেকে বেরিয়েছে নাই নাই ভয় হবে হবে জয় গ্রন্থটি।

নিজের কাজের স্বীকৃতি স্বরূপ আতিউর রহমান বহু সম্মান ও পুরস্কারে ভূষিত হয়েছেন। তার মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে: আর্থিকভাবে অসামান্য অবদান রাখায় 'শেলটেক পুরস্কার ২০১০', মানবিক উন্নয়নে আন্তর্জাতিক সহযোগিতা বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখায় কলকাতার এশিয়াটিক সোসাইটি কর্তৃক 'ইন্দিরা গান্ধী স্বর্ণ স্মারক ২০১১' এবং সাহিত্যের জন্য 'বাংলা একাডেমি সাহিত্য পুরস্কার ২০১৫'। তাছাড়া তিনি বাংলা একাডেমির সম্মানিত ফেলো। অন্তর্ভুক্তিমূলক সামাজিক দায়বদ্ধ কেন্দ্রীয় ব্যাংকিং পরিচালনার জন্য ২০১৫ সালে 'ফাইন্যান্সিয়াল টাইমস' এর 'ব্যাংকার' সাময়িকী তাঁকে এশিয়ার শ্রেষ্ঠ গভর্ণর এবং 'ইউরোম্যানি'র সাময়িকী 'ইমার্জিং মার্কেটস' এশিয়া প্যাসিফিক অঞ্চলের শ্রেষ্ঠ গভর্ণর নির্বাচিত করা হয় তাঁকে। মানবিক ব্যাংকিং এবং দরিদ্র জনগোষ্ঠীর কল্যাণে বিশেষ অবদানের জন্য ফিলিপাইনের গুসি পিস প্রাইজ ফাউন্ডেশন তাঁকে 'গুসি শান্তি পুরস্কার ২০১৪' এবং পুওরম্যান'স ইকোনমিস্ট' খেতাবে ভূষিত করে। আতিউর রহমান (১৯৫১) ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে অর্থনীতিতে মাস্টার্স এবং লন্ডন বিশ্ববিদ্যালয় থেকে মাস্টার্স ও পিএইচডি সম্পন্ন করেন।